

ইকরা নূরানী তালিমুল কুরআন বোর্ড বাংলাদেশ

নূরানী সনদ পরীক্ষা- ২০২১ ইং

শ্রেণি- তৃতীয়

বিষয়- বাংলা

সময়: ২ ঘণ্টা

পূর্ণমান: ১০০

১. শব্দার্থ লিখ (যেকোন ১০টি) ১০×১ = ১০

সৃষ্টিকর্তা, নিয়ন্ত্রন, হিমেল, আঁখি, খলিফা, ক্রীতদাস, ভ্রুকুমত, হতাশ, শ্রদ্ধা, গায়েব, ভাটি, যুদ্ধ, শহীদ।

২. কবির নামসহ “নকিবের ডাক” অথবা “আশার আলো” কবিতার প্রথম আট লাইন লিখ। ১০

৩. নিচের শব্দ দ্বারা বাক্য রচনা করো (যেকোন ৫টি) ৫×২ = ১০

সুন্দর, ক্ষমতা, অলসতা, প্রজাপতি, সম্মান, ছাত্র, সর্বশ্রেষ্ঠ।

৪. রচনামূলক প্রশ্নের উত্তর দাও: (যেকোন ৫ টি) ৫×৫ = ২৫

ক. আল্লাহ্ সবকিছু কেন সৃষ্টি করেছেন?

খ. আল্লাহ কোন জাতিকে সর্বপ্রথম সৃষ্টি করেছেন?

গ. কেন ছেলেটি জুতার কাপড় দিয়ে টুপি বানালো?

ঘ. খলিফা কাকে বলে?

ঙ. সকলের ভক্তি ও শ্রদ্ধা পেতে হলে কি করা উচিত?

চ. সুন্দর ছেলেটিকে হত্যা করার কারণ কী?

৫. সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও: (যেকোন ৫টি) ৫×৩ = ১৫

ক. ব্যাকরণ কাকে বলে?

খ. বাংলা ব্যাকরণ কাকে বলে?

গ. বর্ণ কাকে বলে? বাংলা বর্ণমালা কত প্রকার ও কী কী?

ঘ. স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ কাকে বলে?

ঙ. যুক্তবর্ণ কাকে বলে?

চ. মাতৃভাষা কাকে বলে?

৬. সঠিক উত্তরটি উত্তরপত্রে লিখ: ৫

ক. আল্লাহ কাকে বেশি জ্ঞান দান করে ছিলেন?

(i) মুসা (আ:)। (ii) খিজির (আ:)। (iii) এতিম শিশুদের।

খ. মুসা (আ:) কোথায় বিশ্রাম নিলেন?

(i) নদীর তীরে। (ii) সাগর পাড়ে। (iii) বিলের ধারে।

গ. নৌকার তলায় কে আঘাত করলো-

(i) নৌকার মাঝি (ii) মুসা (আ.) (iii) খিজির (আ.)

ঘ. ভাঁজা মাছের কতটুকু অংশ খেয়ে ছিলেন?

(i) একপিঠ। (ii) উভয়পিঠ। (iii) পুরো মাছ।

ঙ. হেলে পড়া দেয়ালের নিচে কি ছিল?

(i) ধান-চাল (ii) টাকা পয়সা (iii) সোনার মোহর

৭. শূন্যস্থান পূরণ কর: ৫

ক. ছাত্রটির কথা শুনে শিক্ষকের মন ভরে উঠলো।

খ. মা-জননী আর কেঁদোনা তোমার ছেলে

আনলো দেশের রক্ত নদী ঢেলে।

গ. অতিথি মাত্রই তার নিকট পাত্র ছিল।

ঘ. তিনি অতিথির সেবা করে বেশ পেলেন।

ঙ. তাঁর মাঝে কোন ছিল না।

৮. সত্য হলে “স” এবং মিথ্যা হলে “মি” লিখ। ৫

ক. দ্বীন-দুঃখীদের জন্য সর্বদাই তার প্রাণ কাঁদতো।

খ. অতিথি সেবাকে তিনি প্রধান কর্তব্য বলে মনে করতেন না।

গ. হযরত ফাতিমা (রা.) অতিথিকে সেবা করতে গিয়ে তিন দিন তিন রাত

কিছুই না খেয়ে কাটালেন।

ঘ. তিনি অতিথির সেবা করে শান্তি পেলেন না।

৯. বিপরীত শব্দ লিখ (যেকোন ৫টি) ৫×১ = ৫

উপকার, ভিতর, আদেশ, অল্প, শুরু, কষ্ট।

১০. নিচের যুক্তবর্ণ দ্বারা শব্দ তৈরি করো (যে কোন ৫টি) ৫×২ = ১০

ষ্ট, ত্র, ল্ল, ন্ম, দ্ধ, স্ম, স্ব।